# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019

Term - 1st
Answer Worksheet - 2
Class - 2

Subject : Bengali Grammar
Date : 20.01.2021
Topic : ভাষা ও ব্যাকরণ

১) একটি বাক্যে উত্তর লেখো।

ক) লেখ্য ভাষার কটি ভাগ ও কি কি?

উঃ লেখ্য ভাষার দুটি ভাগ — সাধু ভাষা ও চলিত ভাষা।

খ) বাংলা ভাষার উপভাষাগুলির নাম লেখো।

উঃ বাংলা ভাষার উপভাষাগুলির নাম হল — রাঢ়ী, বঙ্গালী, বরেন্দ্রী, ঝাড়খন্ডী ও কামরূপী।

গ) সাধু ভাষা কাকে বলে?

উঃ অনেকটা সংস্কৃত নির্ভর গুরুগম্ভীর ভাষাকে সাধুভাষা বলে।

ঘ) আমরা ‘বাংলা ব্যাকরণ’ পড়ি কেন?

উঃ বাংলা ভাষাকে শুদ্ধভাবে বলতে ও লিখতে পারার জন্য আমরা ‘বাংলা ব্যাকরণ’ পড়ি।

ঙ) যারা পাঞ্জাবে থাকে তারা কোন্ ভাষায় কথা বলে?

উঃ যারা পাঞ্জাবে থাকে তারা পাঞ্জাবি ভাষায় কথা বলে।

২) চলিত ভাষার শব্দগুলিকে সাধু ভাষায় রূপান্তর করো।

| চলিত ভাষা | সাধু ভাষা |
|---|---|
| ক) যারা | যাহারা |
| খ) নেই | নাই |
| গ) হয়ে | হইয়া |
| ঘ) কেউ কেউ | কেহ কেহ |
| ঙ) দেখব | দেখিব |

৩) শূন্যস্থান পূরণ করো।

ক) কথ্য ভাষাকে লেখার ভাষায় রূপ দেওয়ার জন্য চলিত ভাষার সৃষ্টি।

খ) ভাষার সাহায্যেই মানুষ তার আনন্দ - বেদনার কথা অন্যকে বলে।

গ) চলিত ভাষা একটু হালকা এবং দেশি শব্দবহুল।

ঘ) মানুষের মুখের অর্থপূর্ণ কথাকেই ভাষা বলে।

ঙ) বাংলা ভাষার পাঁচটি উপভাষা আছে।

৪) নীচের বাক্যগুলিতে দাগ দেওয়া সাধু ভাষার শব্দগুলিকে চলিত ভাষায় রূপান্তর করে বাক্যগুলিকে পুনরায় লেখো।

| | |
|---|---|
| ক) ছেলেরা মাঠে খেলিতেছে। | ক) ছেলেরা মাঠে খেলছে। |
| খ) আমি তোমার কথা মন দিয়া শুনিতেছি। | খ) আমি তোমার কথা মন দিয়ে শুনছি। |
| গ) তাহারা দল বাঁধিয়া খেলিতেছে। | গ) তারা দল বেঁধে খেলছে। |
| ঘ) অপু ভাত খাইয়া স্কুলে যাইবে। | ঘ) অপু ভাত খেয়ে স্কুলে যাবে। |
| ঙ) ঘন ঘন মেঘ ডাকিতেছে। | ঙ) ঘন ঘন মেঘ ডাকছে। |

x

Rita Das